

স্বাউটসের জাতীয় কাউন্সিলে রাষ্ট্রপতি

রাজনৈতিক দলের ব্যানারে সন্ত্রাসীরা
শিক্ষাগণকে যুদ্ধক্ষেত্রে পরিণত করেছে
আইন তাদের কিছুই করতে পারে না

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদ দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে এনে দেশকে বিপর্যয়ের হাত থেকে রক্ষা করার জন্যে রাজনৈতিক নেতৃবৃন্দের প্রতি আবার আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল শনিবার জাতীয় স্বাউট ভবনে বাংলাদেশ স্বাউটসের জাতীয় কাউন্সিলের ২৫তম সাধারণ সভার উদ্বোধনকালে এ আহ্বান জানান। খবর বাসস'র।

রাষ্ট্রপতি দুঃখ প্রকাশ করে বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ না থাকায় শিক্ষার্থীরা যোগ্য নাগরিক হয়ে গড়ে উঠতে পারছে না। এ অবস্থায়ও আমাদের রাজনৈতিক নেতৃবৃন্দ নির্বিকার রয়েছেন। তিনি বলেন, এ অবস্থার পরিবর্তন না হলে, বিশ্বের কাছে আমরা একটি অবহেলিত, অবাঞ্ছিত ও নিম্নশ্রেণীর জাতিতে পরিণত হব।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সন্ত্রাস আজ নৈমিত্তিক বিষয়ে পরিণত হয়েছে। বিভিন্ন রাজনৈতিক দলের ব্যানারে ছাত্র সংগঠনগুলোর সন্ত্রাসীরা শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে যুদ্ধের ময়দানে পরিণত করেছে। সশস্ত্র তরুণরা হল দখল, টোল আদায় ও নির্মাণ কাজে চাঁদাবাজিকে উৎকৃষ্ট পেশা হিসেবে বেছে নিয়েছে। আইন তাদের কিছুই করতে পারে না। তারা আইনের উর্ধ্বে।

রাষ্ট্রপতি বলেন, জ্ঞানার্জন ও চরিত্র গঠন শিক্ষার আসল উদ্দেশ্য। অর্থাৎ ছাত্র-ছাত্রীরা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করছে। স্কুল-কলেজগুলোতে ছেলেমেয়েদের সঠিক শিক্ষা দেয়া হচ্ছে না বলেই তারা এ পন্থা অবলম্বন করে। কিছু কিছু ছাত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনকে তাদের অধিকার হিসেবে প্রতিষ্ঠা করতে চাচ্ছে। তারা পরীক্ষা কেন্দ্রে পরিদর্শকদের ছুরি মারছে, প্রধান শিক্ষক ও অধ্যক্ষদের ঘেরাও করে রাখছে। তিনি বলেন, এ অবস্থা চলতে থাকলে জাতির আশা-আকাঙ্ক্ষা ধূলিসাৎ হয়ে যাবে।

রাষ্ট্রপতি বলেন, শুধু শিক্ষা প্রতিষ্ঠান নয় দেশের সকল প্রতিষ্ঠানে আজ বিশৃঙ্খলা ও নৈরাজ্য বিরাজ করছে। এমন একটি অবস্থায় স্বাউটসদের সু-শৃঙ্খল জীবন ও নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা জাতিতে আশাবিহীন করে। রাষ্ট্রপতি স্বাউটসকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার আহ্বান জানান এবং এ আন্দোলনকে সারাদেশে ছড়িয়ে দেবার উপর জোর দেন। বৈঠকে বাংলাদেশ স্বাউটসের প্রধান জাতীয় কমিশনার মনজুরুল করিম ও সভাপতি এম মাহবুবুজ্জামান বক্তব্য রাখেন। পরে রাষ্ট্রপতি কৃতী স্বাউটসদের 'রূপার বাঘ' ও 'রূপার ইলিশ' প্রদান করেন।